গাংনীতে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২৩ পালন উপলক্ষে র্যালী,আলোচনাসভা ও কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার(০২ ফেব্রুয়ারী) বেলা ১১ টার সময় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির খামার প্রশিক্ষণ কেন্দ্র মিললায়তনে নানা অনুষ্ঠানের আয়োজন করে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) ।

‘ ‘নিরাপদ খাদ্য,সমিৃদ্ধি জাতি স্মার্ট বাংলাদেশ গড়ার চাবিকাঠি” এ প্রতিপাদ্যে পিকেএসএফ পরিচালিত পিএসকেএস দিবসটি উদযাপন উপলক্ষে এদিন সকালে খামার প্রশিক্ষণ কেন্দ্র থেকে একটি র্যালী বের হয়ে সড়ক প্রদক্ষিণ শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ আব্দুর রউফ।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উপ পরিচালক কামরুল আলমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ খাদ্য পরিদর্শক মোঃ ফাহিম ফয়সাল ও ইবাদত খানা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মোঃ লাল্টু ইসলাম।

সংস্থার কৃষি ইউনিটের কৃষি অফিসার মোঃ মোস্তফা রাব্বির সঞ্চালনায় অনুষ্ঠানে স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ নিরাপদ খাদ্য ও স্মার্ট বাংলাদেশ নিয়ে অলোচনা করেন। পরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহণে কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতায় ৪৭জন প্রতিযোগী অংশ গ্রহন করে। প্রতিযোগীদের মধ্যে বিজয়ীদের হাতে পুরুস্কার প্রদান করেন অতিথিবৃন্দরা।

দামুড়হুদায় অবৈধ ট্রাক্টর পাখি ভ্যান ও আলম সাধুর সংঘর্ষে স্কুলছাত্রীসহ আহত ৪

দামুড়হুদা উপজেলার জয়রামপুর শেখ ইট ভাটার সামনে অবৈধ ট্রাক্টর পাখি ভ্যান ও আলম সাধু মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আলম সাধু চালক ও পাখি ভ্যানে থাকা যাত্রীসহ ৪জন গুরুতর আহত হয়েছে।

আহতরা হলেন, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামের মৃত দবির উদ্দিনের ছেলে ভ্যান চালক নাসির উদ্দিন (৫৫), জাহিদুল ইসলামের মেয়ে সুমাইয়া খাতুন (১২), শফিউর রহমানের মেয়ে শেফা খাতুন (১২)ও কাদিপুর গাংপাড়া গ্রামের মকবুল হোসেনের ছেলে আলম সাধু চালক হোসাইন (১৮)।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার দিকে তাদেরকে স্থানীয় লোকজন উদ্ধার করে প্রথমে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হইতে প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরী বিভাগের কর্তব্যরত ডাক্তার, ওয়াহেদ মাহমুদ রবিন প্রাথমিক চিকিৎসা দিয়ে আলম সাধু চালকের অবস্থা আশঙ্কাজনক হাওয়ায় রাজশাহী রেফার্ড করেন, পাখি ভ্যানের যাত্রী সুমাইয়া খাতুন কে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে রাখেন। পাখি ভ্যান চালক নাসির উদ্দিন ও পাখি ভ্যানের যাত্রী মোছাম্মৎ সেফা খাতুন কে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছাড়পত্র প্রদান করেন।

স্থানীয়রা সূত্রে জানা যায়, দামুড়হুদা অভিমুখ হইতে আসছিলো অবৈধ ট্রাক্টর, দর্শনা অভিমুখ হইতে আসছিলো আলম সাধু ও জয়রামপুর থেকে পাখি ভ্যান চালক দুইজন স্কুলছাত্রী নিয়ে দামুড়হুদায় আসছিলো এই সময় হাউলী ইউনিয়নের জয়রামপুর শেখ ইট ভাটার সামনে পৌছালে একটি অবৈধ ট্রাক্টর অন অভিজ্ঞ ড্রাইভার পাখি ভ্যান ও আলম সাধুর সামনাসামনে ধাক্কা মারে । এতে আলম সাধু চালক, পাখি ভ্যান চালক সহ যাত্রীরা ছিটকে পাকা রাস্তায় পড়ে গুরুতর আহত হয়।

স্থানীয় লোকজন তাদেরকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন। অবৈধ ট্রাক্টর ড্রাইভার ঘটনাস্থল থেকে পালিয়ে গেলেও ট্রাক্টরটি দামুড়হুদা মডেল থানা হেফাজতে নেন পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ বলেন, দূঘটনার খবর পেয়ে আমরা ঘটনাস্থানে যায়,আহত ৪ জনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।ট্রাক্টরটি আমাদের হেফাজতে রয়েছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক নূর জাহান রুমি বলেন, দুইজনের প্রাথমিক চিকিৎসা দিয়ে ছাড়পত্র দেওয়া হয়েছে, একজনকে হাসপাতালে ভর্তি রাখা হয়েছে,অপর একজন আশংকাজনক হওয়ায় রাজশাহী রেফার্ড করা হয়েছে।

এক লাফে ২৬৬ টাকা বাড়লো এলপিজির দাম

ভোক্তা পর্যায়ে বৃদ্ধি পেয়েছে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম। নতুন নির্ধারিত দাম অনুযায়ী ১২ কেজি এলপিজি সিলিন্ডার কিনতে খরচ করতে হবে ১ হাজার ৪৯৮ টাকা, যা এতোদিন ছিলো ১ হাজার ২৩২ টাকা। অর্থাৎ আগের তুলনায় দাম বৃদ্ধি পেয়েছে ২৬৬ টাকা।

বৃহস্পতিবার (২ ফেব্রুয়ারি) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এই দাম নির্ধারণ করে। এ দিন দুপুরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিইআরসি সচিব ব্যারিস্টার মো. খলিলুর রহমান খান এ তথ্য নিশ্চিত করেছেন। নতুন এ দাম ২ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টা থেকে প্রযোজ্য ও কার্যকর হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহ করা বেসরকারি এলপিজির ভোক্তা পর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি

১২১ দশমিক ৬২ টাকায় বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজির ভোক্তা পর্যায়ে মূসকসহ মূল্য প্রতি লিটার ০ দশমিক ২৭০৩ টাকায় সমন্বয় করা হলো।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্য প্রতি লিটার ৬৯ দশমিক ৭১ টাকায় সমন্বয় করা হলো। সমন্বয়কৃত উক্ত মূল্য ২ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টা থেকে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

এর আগে, গত জানুয়ারিতে ভোক্তা পর্যায়ে ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ৬৫ টাকা কমিয়ে ১ হাজার ২৩২ টাকা নির্ধারণ করে এনার্জি রেগুলেটরি কমিশন। গত ডিসেম্বরে যার দাম ছিলো ১ হাজার ২৯৭ টাকা। তার আগের মাসে (নভেম্বর) ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ১ হাজার ২০০ টাকা থেকে ৫১ টাকা বাড়িয়ে ১ হাজার ২৫১ টাকা নির্ধারণ করেছিল বিইআরসি।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে ১০ দফা বাস্তবায়নের দাবিতে জেলা বিএনপির লিফলেট বিতরণ

আগামী ৪ ফেব্রুয়ারী খুলনা বিভাগীয় সমাবেশ সফল করার লক্ষ্যে ও বিএনপি ঘোষিত যুগপৎ আন্দোলনে ১০ দাবি বাস্তবায়নে লিফলেট বিতরণ করেছে জেলা বিএনপি।

আজ বৃহস্পতিবার (২ ফেব্রুয়ারি) সকালে জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে দলীয় নেতকর্মীদের নিয়ে পথচলতি মানুষ ও বিভিন্ন ব্যবসায়ীদের লিফলেট বিতরণ করেন।

এসময় জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও জেলা ছাত্রদলের সভাপতি খোরশেদ আলম সহ অন্যান্য অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা নতুন হাউলী ফুরকানিয়া বহুমুখী মাদ্রাসার উদ্যোগে ওয়াজ মাহফিল

দামুড়হুদা নতুন হাউলী ফুরকানিয়া বহুমুখী মাদ্রাসার উদ্যোগে বুধবার বাদ আছর মাদ্রাসা চত্তরে ইদ্রিস আলী মাষ্টারের সভাপতিত্বে ২য় বার্ষিক ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হয়।

ওয়াজ মাহফিলে প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন হযরত মাওঃ শামসুল আরিফিন ও দ্বিতীয় বক্তা হিসাবে বক্তব্য রাখেন হযরত মাওঃ মেহেদী হাসান, কুরআন ও হাদীস থেকে তাফসির পেশ করেন।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাদ্রাসার সভাপতি শরিফুল আলম, সাধারণ সম্পাদক দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম, সহ-সভাপতি বিশিষ্ট ব্যাবসায়ী জাহিদুল ইসলাম, জমিদাতা ইব্রাহিম হোসেন মানো, মাদ্রাসার পরিচালক হাফেজ মাওঃ রকিবুল ইসলাম শাহরিয়ার এসময় উপস্থিত ছিলেন স্থানীয় মুরছুল্লি, গণ্যমান্যব্যক্তিবর্গ ও দূর দুরান্ত থেকে আগত মুরছুল্লিবৃন্দ।

মেহেরপুর জেলা বিএপির প্রস্তুতি সভা

সরকারের পদত্যাগ ও জাতীয় সংসদ নির্বাচনকালীন দল-নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠাসহ দশ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে খুলনা বিভাগীয় সমাবেশ সফল করার লক্ষ্যে মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতৃবৃন্দের সাথে প্রস্তুতি সভা।

বুধবার জেলা বিএনপির কার্যালয়ে মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি

মাসুদ অরুনের সভাপতিত্বে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিষয়ক সম্পাদক অধ্যক্ষ সোহরাব উদ্দীন।

বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপি সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সাধারণ সম্পাদক আমজাদ হোসেনের সঞ্চালনা করেন। প্রস্তুতি সভায় জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা

চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করা হয়েছে। ধর্ম যার যার রাষ্ট্র সবার প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা সদর থানাধীন মডেল মসজিদ হল রুমে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব মিলনায়তনে ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশের সংবিধানে অসাম্প্রদায়িক দেশের কথা বলা হয়েছে। আমরা অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে কাজ করে যাচ্ছি। আমরা যে যে ধর্মের মানুষই হইনা কেন আমাদের কতিপয় দায়িত্ব কর্তব্য রয়েছে। আমরা সমাজবদ্ধভাবে সামাজিক জীব হিসেবে এক সাথে কাজ করতে চাই দেশের উন্নয়নে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা

প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা হিন্দু বৌদ্ধ ঐক্য পরিষদের সভাপতি মার্টিন হিরোক, চুয়াডাঙ্গা নিউ মার্কেট জামে মসজিদের পেশ ইমাম জুনাইদ আল হাবিব সহ শতাধিক সকল ধর্মাবলম্বী নেতৃস্থানীয় সদস্যবৃন্দ, প্রিন্ট এবং ইলেকট্রনিকস মিডিয়ার সদস্যবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ।

মুজিবনগর উপজেলায় দুইটি প্রতিষ্ঠানকে ৭ হাজার টাকা জরিমানা

মুজিবনগর উপজেলার মোনাখালীতে মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুইটি প্রতিষ্ঠানকে ৭০০০ টাকা জরিমানা করা হয়েছে।

আজ বুধবার মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করে। অভিযানে মুদিখানা, হোটেলসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

এসময় মোনাখালী মেসার্স মহিদুল স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিতে ফ্রিজে ও র্যাকে বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত প্রচুর মেয়াদ উত্তীর্ণ পণ্য জব্দ করা হয়, এছাড়া মেয়াদ মুল্যবিহীন পণ্য বিক্রয় ও মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মোঃ মহিদুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ৫,০০০ হাজার টাকা জরিমানা করা হয়।

অপর একটি প্রতিষ্ঠান মেসার্স শাহীন রেস্তোরাঁ এর মালিক মোঃ শাহীনকে অপরিচ্ছন্ন ও নোংরা পরিবেশে খাবার ও মিষ্টি তৈরি এবং মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ও ৪৩ ধারায় সতর্কতামুলক ২,০০০ হাজার টাকা জরিমানা করা হয়।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

এসময় উপস্থিত ছিলেন কৃষি বিপণন কর্মকর্তার মোঃ জিবরাইল হোসেন, মেহেরপুর জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) মোঃ তারিকুল ইসলাম ও মেহেরপুর পুলিশ একটি টিম।

পরে জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অল্পের জন্য হেরে গেলেন হিরো আলম

বগুড়া-৪ (কাহালু-নন্দীগ্রাম) আসনের উপনির্বাচনে মোট ১১২টি কেন্দ্রের ফলাফলে জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) নেতা রেজাউল করিম তানসেন মশাল প্রতীকে ২০,৪০৫ ভোট পেয়ে বেসরকারি ফলাফলে জয়ী হয়েছেন। এই আসনের তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হিরো আলম একতারা প্রতীকে পেয়েছেন ১৯,৫৭১ ভোট। হিরো আলম মাত্র ৮৩৪ ভোটের ব্যবধানে হেরে গেছেন।

বুধবার (১ ফেব্রুয়ারি) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উপনির্বাচনের ফলাফল গ্রহণ ও পরিবেশন কেন্দ্র থেকে এ তথ্য জানা গেছে।

বুধবার দেশের মোট ছয়টি আসনে উপনির্বাচন হচ্ছে। সকাল ৮টা থেকে বগুড়া-৪ ও ৬ আসনে ভোটগ্রহণ শুরু হয়ে চলে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত।

তার মধ্যে বগুড়ার দুটি। দুটি আসনেই প্রার্থী হয়েছেন হিরো আলম। প্রথমে তিনি সিংহ প্রতীক চেয়েছিলেন। তবে তাকে দেওয়া হয়েছে একতারা প্রতীক। এছাড়া তার প্রার্থিতাও বাতিল করেছিল নির্বাচন কমিশন। পরে উচ্চ আদালতে রিট আবেদন করে তা ফিরে পান।



এর আগে সকাল সাড়ে ৮টা থেকে বগুড়া-৪ ও ৬ আসনে ভোটগ্রহণ শুরু হয়ে চলে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত। বুধবার সকাল সাড়ে ৯টার দিকে বগুড়া-৬ আসনের সদর উপজেলার এরুলিয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ভোট দিতে যান হিরো আলম। তার বাড়ি এরুলিয়া পলিপাড়া গ্রামে। ভোট দেওয়ার পর হিরো আলম উপস্থিত সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

এ সময় তিনি বলেন, ‘বগুড়া-৬ আসনে আগে থেকেই গোলযোগের আশঙ্কা করেছিলাম, সেটাই সত্যি হয়েছে। আমার নির্বাচনি এজেন্টদের কেন্দ্র থেকে বের করে দেওয়া হয়েছে। তবে বগুড়া-৪ আসনে ভোট সুষ্ঠু হচ্ছে। এভাবে সুষ্ঠু ভোট হলে এই আসনে আমিই বিজয়ী হবো।’

সূত্র:ইত্তেফাক

মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজে ওরিয়েন্টেশন ক্লাস এর উদ্বোধন

মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের ২০২২-২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেনীর শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ক্লাস এর উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১ টার সময় কলেজে হল রুমে অনুষ্ঠিত হয় ওরিয়েন্টেশন ক্লাস।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও কলেজ ম্যানেজিং কমিটির সভাপতি লিউজা উল জান্নাহ।

বিশেষ অতিথি কলেজ ম্যানেজিং কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম বিশ্বাস ও বীর মুক্তিযোদ্ধা কে এম ফজলুল করিম। স্বাগত বক্তব্য রাখেন কলেজের কম্পিউটার বিজ্ঞান বিভাগের সিনিয়র শিক্ষক জাহিদুল আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ অধ্যক্ষ মোঃ শাহী-উদ্দীন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন হিসাববিজ্ঞান বিভাগের

শিক্ষক ও জেলা রোভার স্কাউটস এর কোষাধ্যাক্ষ এস এম রফিকুল আলম-বকুল।

অনুষ্ঠানে নুতন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরন করে নেওয়া হয় কলেজের পক্ষ থেকে। প্রথম দিনেই ছাত্র ছাত্রীদের হাতে ক্লাস রুটিন ও কলম উপহার দেওয়া হয়।

প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা উল -জান্নাহ ছাত্রছাত্রীদের বিভিন্ন দিক নির্দেশনামুলক ও মানবিক এবং বিনয়ী মানুষ হিসেবে গড়ে ওঠার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ছাত্রছাত্রীদের নিয়মিত ক্লাস,লেখাপড়া ও শিক্ষক ও গুরুজনদের যথাযথ সম্মান দেওয়ার জন্য শিক্ষার্থীদের আহবান জানান।